# ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের জুলাই, ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ **১৯/০৭/২০২১ খ্রিস্টাব্দ, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় সম্মানিত সদস্যগণের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, সিরতা ইউপি বলেন যে, উপজেলা পরিষদের জন্য উপজেলা পরিষদের জন্য ড্রোন ক্যামেরা , স্টিল ক্যামেরা ক্রয় বাবদ বরাদ্দ- ২,০০,০০০/-টাকা (পিআইসি) মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব) হতে ক্রয় করার জন্য গত ১৭/০৬/২০২১ তারিখের মাসিক সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। । পিআইসির পরিবর্তে RFQ পদ্ধতিতে উপজেলা পরিষদের উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব) হতে ড্রোন ক্যামেরা , স্টিল ক্যামেরা ক্রয় বাবদ বরাদ্দ- ৩,০০,০০০/-টাকা এবং ১১/০২/২১ তারিখের সভায় বঙ্গবন্ধু কাপ আন্তঃ উপজেলা ফুটবল টুর্নামেন্ট-২০২১ এর সদর উপজেলার ফুটবল টিমের ব্যয় নির্বাহ বাবদ পিআইসি এর পরিবর্তে RFQ পদ্ধতিতে ক্রয় সংশোধন করার জন্য সভায় উপস্থাপন করেন। আর কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা অনুমোদন করা যেতে পারে। | উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল (রাজস্ব) হতে আর,এফ,কিউ পদ্ধতিতে ড্রোন ক্যামেরা , স্টিল ক্যামেরা ক্রয় বাবদ বরাদ্দ- ২,০০,০০০/-টাকা এবং RFQ পদ্ধতিতে ২,০০,০০০/-টাকার মধ্যে ক্রয় প্রস্তাব সর্বসম্মতিতে গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা প্রকৌশল অফিস ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) ২০২০-২০২১ অর্থ বছরে আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা এডিপি এর কার্যক্রম সুষ্ঠ্ব ও সুন্দর ভাবে সম্পন্ন করা হয়েছে। তিনি আরও বলেন যে, ১। উপজেলা পরিষদ চত্বরের পূর্ব পার্শ্বে কিছু ঝড়েপড়া ও মরা মেহগনি গাছ পড়ে আছে গাছগুলি উক্ত স্থান হতে সরিয়ে অন্য জায়গায় একত্রিত করে রাখার জন্য সভায় প্রস্তাব করেন।<br>২। ২০২০-২১ অর্থ বছরে গৃহীত দাপুনিয়া ইউনিয়নের দাপুনিয়া রাস্তার মাদ্রাসার পিছনের সড়ক এইচবিবি করণ কাজটি জায়গা জনিত জটিলতার জন্য করা সম্ভব হচ্ছে না। যার কারনে উক্ত কাজের সাথে আরেকটি কাজ নিয়ে সম্পাদিত ঠিকাচুক্তিটি সমাপ্ত করা হচ্ছে না।<br>৩। পিইডিপি প্রকল্পের আওতায় চর ঝাউগড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য দরপত্র আহবান পূর্বক ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়। ঠিকাদার কাজটি শুরু করে আংশিক কাজ করার পর সীমানা জনিত জটিলতার জন্য বাকী কাজটুকু দীর্ঘ দিন যাবৎ বন্ধ রয়েছে। ইতোমধ্যে ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক কাজ সমাপ্তের ৫(পাঁচ)মাস আগেই অতিবাহিত হয়েছে। উল্লেখ্য যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশন সন্মানীত মেয়র, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সরেজমিনে সাইটে উপস্থিত হয়ে সীমানা জনিত জটিলতার সমাধান করার উদ্যোগ নেন কিন্তু পারিপার্শ্বিকতার কারনে বিষয়টি সমাধান করা সম্ভব হয়নি।<br>৪। তিরি আরও বলেন যে, বিভিন্ন ইউনিয়ন থেকে এলজিইডি এর তালিকাভূক্ত নয় এমন সড়ক সমূহ এলজিইডি এবং এলজিআই এর তালিকাভূক্ত করার প্রস্তাব পাওয়া যায় (পরিশিষ্ট-খ)। | সভায় আলোচনান্তে ১। উপজেলা পরিষদ চত্বরের পূর্ব পার্শ্বে কিছু ঝড়েপড়া ও মরা মেহগনি গাছ পড়ে আছে গাছগুলি উক্ত স্থান হতে সরিয়ে অন্য জায়গায় একত্রিত করে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আলোচনান্তে দাপুনিয়া রাস্তার মাদ্রাসার পিছনের সড়ক এইচবিবি করণ কাজটি বাদ দিয়ে ঠিকাচুক্তিটি সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সভায় বিস্তারিত আলোচনান্তে বর্তমান ঠিকাদার যে পর্যন্ত কাজ করেছে তার বিল পরিশোধ পূর্বকচুক্তিটি চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে সীমানার জটিলতার সমাধান হলে পুনরায় দরপত্র আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। প্রস্তাবিত সড়ক সমূহ এলজিইডি এবং এলজিআই এর তালিকাভূক্ত করার সিদ্ধান্ত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী /উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার ডাঃ মোঃ শাহজাহান কবির, সভায় জানান বর্তমানে দেশে করোনা সংক্রামন ভয়াবহভাবে বৃদ্ধি পাচ্ছে। পাশাপশি করেনার মৃত্যুর সংখ্যা সকল রেকর্ড ভঙ্গ করেছে। এমতাবস্থায়, স্বাস্থ্য বিধি মেনে চলা, জরুরী প্রয়োজন ছাড়া বাড়ীর বাইরে বের না হওয়ায়, জরুরী প্রয়োজনে বাড়ীর বাইরে বের হলে সঠিক নিয়মে মাক্স পরিধান করা এবং সামাজিক দূরত্ব বজায়রাখা, নিয়মিত বিরতিতে সাবান পানি দিয়ে হাত ধৌত করা অথবা হাত স্যানিটাইজার করাসহ চল্লিশ উর্ধ্ব সকলকেই বিনামূল্যে কোভিড-১৯ এর টিকা নেয়ার জন্য সভায় জানান। ভবিষ্যতে করোনা সংক্রমনের হার যাতে উর্ধ্বমুখী না হয় এই ব্যাপারে সকলকে সচেতন ও যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। এছাড়া কোভিড-১৯ এর টিকা শেষ হয়ে যাচ্ছে। পরবর্তীতে টিকা আসলে পুনরায় টিকাদান কর্মসূচী শুরু হবে বলে সভায় জানান । বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোনান্তে ময়মনসিংহ সদর উপজেলায় করোনা সংক্রামন যাতে আর উর্ধ্ব মুখী না হয় সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেয়ার ব্যবস্থা সিদ্ধান্ত গৃহীত হয়।। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ০৪ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার জানান, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৫ | উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২০-২০২১ অর্থ বিভিন্ন ইউনিয়নের গ্রামীন অবকঠামো রক্ষণাবেক্ষণ/সংস্কার (টিআর/কাবিখা) কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তা সমূহের দুই পার্শ্বে তাল গাছের চাড়া রোপনের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ৩,০০,০০০/-(তিন লক্ষ)টাকা বরাদ্দের জন্য আবেদন করেন। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে ছলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বিভিন্ন ইউনিয়নের গ্রামীন অবকঠামো রক্ষণাবেক্ষণ/সংস্কার (টিআর/কাবিখা) কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তা সমূহের দুই পার্শ্বে তাল গাছের চাড়া রোপনের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/-টাকা বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। (পিআইসি) | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ০৯ | উপজেলা সমবায় অফিস: সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে ছলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | আমার বাড়ি আমার খামার: সমন্বয়, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। । এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সমাজের পিছিয়ে পড়া ও শিক্ষিত তরুন বেকার অধক্ষ জনগোষ্টীকে ট্রেডভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী প্রত্যেক উপজেলায় ছয়তলা বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ সমাজসেবা কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এমতাবস্থায় ময়মনসিংহ সদর উপজেলায় সমাজসেবা কার্যলয়াধীন উপজেলা সদরে ভবনটি নির্মাণের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সম্মতিতে ১২ শতাংশ ভূমি প্রদান পূর্বক সংশ্লিষ্ট জমির ডিজিটাল সার্ভে, নক্সা উপজেলা প্রকৌশলী কর্তৃক চিহ্নিত করে জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় প্রস্তাব করেন। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে দক্ষ মানবসম্পদে পরিনত করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী প্রত্যেক উপজেলায় ছয়তলা বিশিষ্ট শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন এবং ১২ শতাংশ জমির ডিজিটাল সার্ভে, নক্সা উপজেলা প্রকৌশলী কর্তৃক চিহ্নিত করে জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অফিস: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, খাগডহর ও ভাবখালী ইউনিয়নের পরিবার পরিকল্পনা অফিসের মেরামত ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলমান রয়েছে । দ্রুত সময়ের মধ্যে কাজ সম্পন্ন হবে বলে সভায় জানান। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে ছলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৩ | উপজেলা নির্বচন অফিস ঃ উপজেলা নির্বাচন অফিসার সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে ছলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলআ নির্বাহী অফিসার সভায় জানান যে, রাস্তার পার্শ্বে যে সকল পুকুর থাকার কারণে রাস্তাগুলি নষ্ট হয়ে যাচ্ছে। এবিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য ইতিপূর্বে মাসিক সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চওয়া হলে উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, রাস্তার পার্শ্বে যে সকল পুকুর আছে তাদেরকে নোটিশ প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও বলেন যে বর্তমান বর্ষা মৌসুমে ২০২০-২১ অর্থ বছরে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ১ম ও ২য় পর্যায়ের নির্মিত ঘরগুলি যাতে অতিবৃষ্টির কারণে কোন ধরনের ক্ষয়-ক্ষতি না হয় সে দিকে গৃহ নির্মাণের পিআইসি কমিটির সদস্যগণকে পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। কোন ধরনের ক্ষতির সম্ভাবনা থাকলে তা দ্রুত মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাস কোভিড-১৯ ময়মনসিংহ সদর উপজেলা দ্রুত ছড়াচ্ছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে রাস্তার পার্শ্বে যে সকল পুকুর খনন বন্ধ ভূমিহীন ও গৃহহীন পরিবারের ঘরে কোন ধরনের ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা ও নেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৫ | সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় বলেন, যে, অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন যে সকল পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে তা দ্রুত বাস্তায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান এবং উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর কে সরেজমিনে যাচাই-বাছাই করে বিল প্রদানের সুপারিশ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাস কোভিড-১৯ ময়মনসিংহ সদর উপজেলা দ্রুত ছড়াচ্ছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয় সভায় আরও বলেন যে, উপজেলা পরিষদে ব্যবহারের অনুপযোগী আসবাবপত্র ও অন্যান্য মালামাল দীর্ঘ দিন যাবৎ অকেজো হয়ে পড়ে আছে । এই গুলি কনডেমড ঘোষাণার ও নিলামে বিক্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন।সকল বিভাগের কর্মকর্তাদের আরও নিষ্ঠার সাথে কাজ করার জন্য নির্দেশানা প্রদান করেন। | বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত পিআইসি/টেন্ডার দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদে ব্যবহারের অনুপযোগী আসবাবপত্র ও অন্যান্য মালামাল কনডেমড ঘোষাণার ও নিলামে বিক্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৬ | **উপজেলা পরিষদের নিজস্ব তহবিলে নিম্নলিখিত প্রকল্পসমূহ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (রাজস্ব/উন্নয়ন)ঃ**<br>**বিবিধ ঃ (উন্নয়ন তহবিল)**<br>০১। কালিকাপুর আঃ খালেক মেম্বার সাহেবের বাড়ীর নিকট হতে কালিকাপুর দক্ষিন পাড়া রাস্তায় রিং স্থাপন বাবদ বরাদ্দ-২৫,০০০/-টাকা । | আলোচনান্তে উপজেলা রাজস্ব/উন্নয়ন /এডিপি তহবিল হতে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর |

| | | | |
|---|---|---|---|
| | ০৪। দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন রাস্তায় জরুরী ভিত্তিতে ইটের খোয়া ও বালু দ্বারা মেরামত (পিআইসি)।<br>০৫ । কুষ্টিয়া ইউনিয়নের হৈয়াকান্দি রেল লাইন সড়ক হতে সরকারবাড়ী জামে মসজিদ পর্যন্ত ইটের সলিং করণ । (পিআইসি-১,২) | | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আশরাফ হোসাইন)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২১.৭২৯ /১(৫০)

তারিখ-১৯/০৭/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। বেগম রওশন এরশাদ, এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা........................................... কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব..............................................চেয়ারম্যান............................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব............................................................................. ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১০। অফিস কপি।

১৯/৭/২১

**(মোঃ সাইফুল ইসলাম)**
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।